



তারিখ: ০৫/১২/২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রম অত্র কলেজে নিম্নবর্ণিত নির্দেশনার আলোকে সম্পাদন করা হবে।

২য় মেধা তালিকার ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন ও
কোটা মেধা তালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রমের সময়সূচি

কোর্স	ফরম সংগ্রহ ও জমা	ভর্তির তারিখ ও বার	সময়
বিএসএস	পরীক্ষা নিয়ন্ত্রণকক্ষ	১১ ডিসেম্বর ২০২৪ বুধবার থেকে ১২ ডিসেম্বর ২০২৪ বৃহস্পতিবার পর্যন্ত	প্রতিদিন সকাল ০৯.০০ টা থেকে বেলা ০১.০০ টা পর্যন্ত
বিবিএস	অর্থনীতি বিভাগ		
বিএ	অর্থনীতি বিভাগ		

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনার আলোকে (www.nu.edu.bd/admissions) অনলাইনে ভর্তির আবেদন ফরম A4 সাইজের অফসেট কাগজে পূরণ ও প্রিন্ট করে ০২ কপি অত্র কলেজের ভর্তির জন্য নির্ধারিত কক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট উল্লিখিত সময় পর্যন্ত জমা দেওয়া যাবে।
- প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের সাথে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, প্রশংসাপত্রের ফটোকপি (১ সেট) ও ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে (উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে)।
- কলেজের হিসাব শাখায় (সকল কোর্সের জন্য এক বৎসরের বেতন, অভ্যন্তরীণ পরীক্ষা ও ভর্তি ব্যবস্থাপনা ফিসহ) ৩,০৩০/- (তিন হাজার ত্রিশ টাকা) প্রদান করে ভর্তির রশিদ সংগ্রহ করতে হবে। উপরের উল্লিখিত স্থানে ভর্তি রশিদ প্রদর্শন করে ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ করে জমা দিতে হবে।
- ২য় মেধা তালিকার ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের জন্য অনলাইন থেকে ফরম সংগ্রহ করে ভর্তির জন্য নির্ধারিত কক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সকাল ১০.০০ টা থেকে বেলা ০২.০০ টা পর্যন্ত জমা দেওয়া যাবে।
- সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- সকল বিভাগের আবশ্যিক বিষয় : ১। বাংলা ২। ইংরেজি ৩। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস।
- নৈর্বাচনিক বিষয়সমূহ :
বি এ : ক) ইসলামিক স্টাডিজ খ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
গ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০১ টি বিষয়।
বি এস এস : ক) ইসলামিক স্টাডিজ অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- যে কোনো ০১ টি বিষয়।
খ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০২ টি বিষয়।
বি বি এস : ক) অর্থনীতি খ) হিসাববিজ্ঞান গ) ব্যবস্থাপনা

বি: দ্র: নির্ধারিত সময়ে ভর্তি না হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

N 188/2024
প্রফেসর মোঃ বশির উদ্দিন খান (০০২২৬২)
অধ্যক্ষ
শহীদ স্মৃতি সরকারি কলেজ
মুক্তাগাছা, ময়মনসিংহ

কামরুজ্জামান
এ.কে.এম ইমদাদুল হাসান (০০০১৫০১১)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ
আস্থায়ক
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক পাস (ডিগ্রি)
১ম বর্ষ ভর্তি কমিটি
শহীদ স্মৃতি সরকারি কলেজ
মুক্তাগাছা, ময়মনসিংহ